গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৭৫৪

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯
০১ আগস্ট ২০২২

বিষয়: **ব্যয় সংকোচন সংক্রান্ত বিশেষ সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৬৯.৪৬.০০৪.২০২০-৮৩; তারিখ: ২১-০৭-২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত কার্যবিবরণীর ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সংযুক্ত কার্যবিবরণীর আলোকে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী

১-৮-২০২২
মুহাম্মদ আব্দুস সালাম
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪১৬
ইমেইল: dsadmin@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা
৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৫) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা
৬) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৭) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট(বিএমটিটিআই),গাজীপুর।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৭৫৪/১

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯
০১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), প্রশাসন অধিশাখা-১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪) অফিস কপি

১-৮-২০২২
মুহাম্মদ আব্দুস সালাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০২.২২-২০৯

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ০১ আগস্ট ২০২২ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৭.২০.৭৫৪ নং স্মারক
প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২১ জুলাই ২০২২ খ্রি. তারিখের ০৩.০০.২৬৯০.০৬৯.৪৬.০০৪.২০২০-৮৩ নং স্মারক

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেওয়া হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
০৩. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
০৪. অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
০৫. অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
০৬. অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
০৭. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
০৮. অধ্যক্ষ/সুপারইনটেনডেন্ট/প্রধান শিক্ষক, বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।
০৯. ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ।

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০. সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধসহ)।
১২. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৪. সংরক্ষণ নথি।

[signature] 2/8/22

(মোঃ হাবিবুর রহমান)
সহকারী পরিচালক
ফোন-০২-৫৮১৫২২০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৬৯.৪৬.০০৪.২০২০-৮৩

তারিখ ০৬ শ্রাবণ, ১৪২৯ ব. / ২১ জুলাই২০২২ খ্রি.

**বিষয়ঃ ব্যয় সংকোচন সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের সভাপতিত্বে সকল মন্ত্রলালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দের সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত ব্যয় সংকোচন সংক্রান্ত বিষয়ের বিশেষ সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে ১০ (দশ) পাতা।**

(মোহাম্মদ আফজাল হোসেন)
পরিচালক-২
ফোনঃ ৫৫০২৯৪২২
ই-মেইল-dir2@pmo..gov.bd

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব (সকল) কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ মন্ত্রণালয়/বিভাগ/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৪। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৫। প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৬। মহাপরিচালক, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৭। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১/২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮। মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৯। পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১০। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একান্ত সচিব, ঢাকা।
১১। প্রধানমন্ত্রীর উপদেষ্টাগণের একান্ত সচিব (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১২। অফিস কপি।

Meeting letter-19

# ব্যয় সংকোচন সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. আহমদ কায়কাউস<br>প্রধানমন্ত্রীর মুখ্য সচিব |
| তারিখ ও সময় | : | ২০ জুলাই ২০২২, দুপুর ১২:০০ টা |
| স্থান | : | করবী হল, প্রধানমন্ত্রীর কার্যালয়ের |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ ব্যবস্থাপনা, জ্বালানি মুল্য বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে সরকারের ব্যয় সংকোচন নীতি নির্ধারণের লক্ষ্যে আয়োজিত এই বিশেষ সভার প্রেক্ষাপট বর্ণনা করেন। তিনি দ্রব্য মূল্য নিয়ন্ত্রণ ও তা সহনশীল পর্যায়ে রাখা এবং বিদেশ ভ্রমণ সীমিতকরণে মন্ত্রণালয়সমূহকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং নির্দেশনা বাস্তবায়ন ত্বরান্বিত করা এবং ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি রক্ষার উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

০২। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রাধিকার নির্ধারণের লক্ষ্যে যে শ্রেণীকরণ করা হয়েছে তার পরিপ্রেক্ষিত ও যৌক্তিকতা তুলে ধরেন। সে অনুসারে কার্যক্রম গ্রহণ ও উক্ত ক্যাটাগরি পরিবর্তনের প্রয়োজন হলে প্রস্তাবনাসহ আলোচনা করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি খাদ্য মজুদ পরিস্থিতি, খাদ্য আমদানির ক্ষেত্রে বিকল্প উৎসের সন্ধান, কৃষি ভর্তুকি পুনর্গঠন এবং বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসন বিষয়ে গুরুত্বারোপ করেন।

০৩। উন্মুক্ত আলোচনায় অফিস কর্মঘন্টা সীমিতকরণ বিষয়ে সিনিয়র সচিব এবং সচিবগণ তাদের সুচিন্তিত মতামত প্রদান করেন। আলোচনায় কর্মঘন্টা সীমিতকরণ বা কর্মদিবস সংকোচনের পরিবর্তে জ্বালানির সচেতন ব্যবহার এবং অপচয়রোধের উপরই অধিক গুরুত্বারোপ করা হয়। এ পর্যায়ে ব্যয় সংকোচনে ইতোমধ্যে জারিকৃত প্রজ্ঞাপনসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য সভাপতি সকলকে আহ্বান জানান। এছাড়া বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে মন্ত্রণালয়সমূহকে লক্ষ্য নির্ধারণ করে দেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উৎপাদন বাড়াতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা এবং এর বাস্তবায়নে গৃহীত বিভিন্ন উদ্যোগের গণপ্রচারণার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে উদ্যোগ গ্রহন করতে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সারের নিয়ন্ত্রিত এবং সঠিক ব্যবহারের বিষয়ে সচেতনতা বৃদ্ধিতেও উদ্যোগ গ্রহন করার জন্য বলা হয়। ডেঙ্গু ও তাপদাহে করনীয় বিষয়ে প্রচারণা চালিয়ে জনগণের মাঝে স্বাস্থ্যখাতে সরকারি উদ্যোগসমূহের প্রচারণার জন্য স্বাস্থ্যসেবা বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া এলজিইডি এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বন্যা দুর্গত এলাকায় রাস্তা পুনর্নির্মাণ উদ্যোগ গ্রহন এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক খোলা বাজার স্থাপনের বিষয় আলোচিত হয়।

০৪। সভাপতি আসন্ন নির্বাচনের আগে সুষ্ঠু সামাজিক পরিবেশ বজায় রাখার জন্য সম্প্রীতি সম্মেলন আয়োজনের বিষয়ে আলোচনা করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন বেগবান করার জন্য সকল মন্ত্রণালয়কে আহ্বান জানান। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক গণমাধ্যম এবং অন্যান্য প্রচারণার ক্ষেত্রে সচেতন শব্দচয়ন এবং পরিমিতি বজায় রাখতে সকলকে অনুরোধ জানান।

০৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক. মন্ত্রণালয়সমূহ তাদের নিজ এবং আওতাভুক্ত দপ্তর/সংস্থা/কার্যালয়সমূহে বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে প্রদত্ত বরাদ্দের ২৫% এবং জ্বালানি খাতে বরাদ্দের ২০% ব্যয় হ্রাস করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

খ. অর্থ মন্ত্রণালয় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের জন্য সরকারি যানবাহন প্রতি মাসিক জ্বালানি বরাদ্দ ২০% সংকোচনের আদেশ জারির ব্যবস্থা গ্রহন করবে।

গ. বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে সকল সরকারি-বেসরকারি শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার সংক্রান্তে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১৩ মে ২০১৩ তারিখে জারিকৃত ০৪.৪২৩.০২২.০২.০৬.০০১.২০১২.৪৬ নম্বর পরিপত্র যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

ঘ. অনিবার্য না হলে শারীরিক উপস্থিতিতে সভা পরিহার করতে হবে এবং অধিকাংশ সভা অনলাইন প্লাটফর্মে আয়োজন করতে হবে।

ঙ. মন্ত্রণালয়সমূহ বিদেশ ভ্রমণ সীমিতকরণে কঠোর পদক্ষেপ গ্রহন করবে।

চ. মন্ত্রণালয়সমূহ বাৎসরিক ক্রয় পরিকল্পনা পুনঃপর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাসের উদ্যোগ গ্রহন করবে।

ছ. অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ বৃদ্ধিকল্পে অর্থ-বছরের শুরু থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে এনবিআরকে কার্যকর ব্যবস্থা নিতে হবে।

জ. খাদ্যদ্রব্যসহ নিত্যপণ্যের মূল্য সহনীয় রাখতে বাজার মনিটরিং, মোবাইল কোর্টের মাধ্যমে মজুদদারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ অন্যান্য পদক্ষেপ জোরদার করতে হবে।

ঝ. কৃষি মন্ত্রণালয় বন্যা দুর্গত এলাকায় কৃষক পুনর্বাসনের উদ্যোগ গ্রহন করবে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর খাদ্য উৎপাদন বৃদ্ধির নির্দেশনা বাস্তবায়ন ও জমি পতিত না রাখার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে।

ঞ. শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী পরিবহনে ব্যক্তিগত গাড়ির ব্যবহার যৌক্তিকিকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহন করবে।

ট. সকল জেলা, উপজেলায় ধর্মীয় সম্প্রীতি বজায় রাখতে সজাগ থাকতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
ড. আহমদ কায়কাউস
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব